

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৯

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ লজ্জা ঈমানের অংশসমূহের মধ্যে অন্যতম একটি অংশ। কেননা ঈমান বেশ কিছু অংশ সংবলিত শাখাসমূহের সমষ্টি, যে সম্পর্কে আলোচনা গত হয়ে গেছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْحَيَاءَ جُزْءٌ مِنْ أَجْزَاءِ الْإِيمَانِ إِذِ الْإِيمَانُ شُعَبٌ لِأَجْزَاءٍ عَلَى مَا تَقَدَّمَ ذِكْرُنَا لَهُ

## আরবী

609 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِرَجُلٍ يَعِظُ أَخَاهُ فِي الْحَيَاءِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (دعه فإن الحياء من الإيمان.)

قَالَ أَبُو حَاتِمٍ: (دَعْهُ) لَفْظَةُ زَجْرٍ يُرَادُ بِهَا ابْتِدَاءُ أَمْرٍ مُسْتَأْنَفٍ.

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 609 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৬০৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করছিলেন, যিনি তার ভাইকে লজ্জার বিষয়ে উপদেশ দিচ্ছিলেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি তাকে ছেড়ে দাও। কেননা লজ্জা ঈমানের অন্তর্ভূক্ত।"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "کَعُهُ" (তাকে ছেড়ে দাও), এটি একটি ধমকসূচক শব্দ। এর দ্বারা উদ্দেশ্য হলো নতুন বিষয়ের সূচনা করা।"

## ফুটনোট



[1] মুসন্নাফ আব্দুর রাযযাক: ২০১৪৬; সহীহ মুসলিম: ৩৬; ইবনু মান্দাহ, ঈমান: ১৭৫; মুয়াতা ইমাম মালিক: ৩/৯৮; মুসনাদ আহমাদ: ২/৫৬; সহীহ আল বুখারী: ২৪; আদাবুল মুফরাদ: ৬০২; আবু দাউদ: ৪৭৯৫; নাসাঈ: ৮/১২১; হুমাইদী: ৬২৫; তিরমিযী: ২৬১৫; ইবনু মাজাহ: ৫৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫৯৪; তাবারানী, আস সাগীর: ১/২৬৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ৫১৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন